**X/17/B**

**2 0 1 7**

# BENGALI

( INDIAN LANGUAGE )

**( CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

**( CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

( For Both Categories of Candidates )

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

(iii) Question Nos. **1** to **11** are to be answered by both Regular and Private Candidates.

(iv) Question Nos. **12** and **13** are to be answered only by Private Candidates without Internal.

## বিভাগ—ক

১। প্রতিটি প্রশ্নের উত্তর *একটি* শব্দ বা *একটি* বাক্য দ্বারা লেখ : ১×৩=৩

(ক) মহেন্দ্র সিংহ কোন্ গ্রামের ধনবান ব্যক্তি ছিলেন ?

(খ) ‘‘কই গো, কি বলবেন বলুন। আমরা খাটি-খুটি খাই ; আমাদের আজ এ বেলাটাই মাটি।’’ বক্তা কে ?

(গ) ‘‘বেশ, বেশ রিডিং। কি নাম তোমার ?’’ প্রশ্নকর্তা কে ?

২। শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) বাঙ্গালায় বড় ______ কোলাহল পড়িয়া গেল।

(খ) দূরত্ব প্রায় চার মাইল—কিন্তু ______ নদীটাই একা বিশ ক্রোশের সমান।

(গ) ______ স্বপ্ন সার্থক হইয়াছে।

৩। *একটি* বাক্যে অথবা *একটি* শব্দে উত্তর লেখ : ১×৪=৪

(ক) ‘বটবৃক্ষ’ কবিতার কবি কে ?

(খ) জ্যৈষ্ঠ মাসে ফুল্লরা কি ফল খেতো ?

(গ) উন্মত্ত জন্তুর মুখে জীবনের ______ হরিণ।

( শূন্যস্থান পূর্ণ কর )

(ঘ) দেব ______ ভাবি বন্দে যে তোমারে।

( শূন্যস্থান পূর্ণ কর )

৪। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ছয়টি* বাক্যের মধ্যে) : ৪

(ক) অপুর দেখা সাঁওতাল লোকটির চেহারা ও কার্যকলাপের বর্ণনা দাও।

(খ) 'সংঘাত' গল্পে গ্রামীণ মজলিসে কারা কারা এসেছিলেন?

৫। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ষোলোটি* বাক্যের মধ্যে) : ৮

(ক) ''সেই বহু পরিবারের মধ্যে এখন তাঁহার ভার্যা ও তিনি স্বয়ং আর এক শিশু-কন্যা। তাঁহাদেরই কথা বলিতেছিলাম।''

উপরের উক্তিটির মধ্যে 'তাঁহার ভার্যা', 'তিনি স্বয়ং' 'আর এক শিশুকন্যা'র করুণ কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

(খ) 'সংঘাত' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ষোলোটি* বাক্যের মধ্যে) : ৮

(ক) 'ফুল্লরার বারমাস্যা' কবিতা অবলম্বনে সংক্ষেপে ফুল্লরার বারমাসের দুঃখের বর্ণনা দাও।

(খ) 'বটবৃক্ষ' কবিতার সারমর্ম লেখ।

## বিভাগ—খ

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ষোলোটি* বাক্যের মধ্যে) : ৮

(ক) গারো পাহাড়ে অনুষ্ঠিত ভূত পুজোর কাহিনী বর্ণনা কর।

(খ) লেখক শঙ্কু মহারাজের লেখা অনুসারে গারো পাহাড়ে তুরা শহরের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

৮। প্রতিটি প্রশ্নের উত্তর *একটি* শব্দে বা *একটি* বাক্যে লেখ : ১×৪=৪

(ক) গারোদের প্রধান জীবিকা কি?

(খ) কৃষ্ণাই নদীর স্থানীয় নাম কি?

(গ) গারোদের প্রধান দুটি সমাজের নাম কি কি?

(ঘ) গারো ভাষায় 'ঝুমচাষ'কে কি বলা হয়?

## বিভাগ—গ

৯। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ২×২=৪

আদি-স্বরাগম ; বর্ণ বিপর্যয় ; অব্যয়ীভাব সমাস ; বহুব্রীহি সমাস।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

উপবন ; পীতাম্বর ; নদীমাতৃক ; যথাসাধ্য ; প্রতিদিন ; রত্নগর্ভা।

(গ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে লেখা বাগ্‌ধারাগুলো দিয়ে বাক্য রচনা কর (যে-কোন **দুটি**) : ২×২=৪

অক্কা পাওয়া ; একাদশে বৃহস্পতি ; আকাশ ভেঙে পড়া ; ব্যাঙের সর্দি ; অরণ্যে রোদন।

(ঘ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থপার্থক্য লেখ (যে-কোন **তিনটি**) : ১×৩=৩

অশ্ব–অশ্ম ; অবদান–অবধান ; কুল–কূল ; নীড়–নীর ; দিন–দীন।

(ঙ) বাক্যসংকোচন কর (যে-কোন **তিনটি**) : ১×৩=৩

লাভের ইচ্ছা ; যাহা ডুবিতেছে ; নিশাকালে চরে যে ; পক্ষীর কলরব ; যাহা নমস্কারের যোগ্য ; দর্শনের যোগ্য।

## বিভাগ—ঘ

১০। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (**তিনটি** বাক্যের মধ্যে) :

১৯০৫ খ্রীষ্টাব্দে 'ভারত সেবক সমিতি' নামক সেবাদলের প্রতিষ্ঠাই গোখলের জীবনের সেরা কীর্তি। এই সেবাদলের উদ্দেশ্য ছিল দেশে স্ত্রী শিক্ষার বিস্তার, অনুন্নত সমাজের উন্নতি বিধান, তাদের মধ্যে শিক্ষার বিস্তার এবং জাতিধর্ম নির্বিশেষে সকলের সেবা। ভারতের সর্বনাশের মূল কারণ যে জাতি-বিরোধ তার অপসারণ করে সমস্ত ভারতবাসীকে নিয়ে একটি মহাজাতি গঠনও এই সেবক সমাজের অন্যতম উদ্দেশ্য ছিল। হিন্দু-মুসলমানের মিলন সমস্যা নিয়েও গোখলে অনেক চিন্তা করে গেছেন। বোম্বাই, নাগপুর, মাদ্রাজ প্রভৃতি বড় বড় শহরে এই প্রতিষ্ঠানের শাখা ছিল। এর প্রধান কেন্দ্র ছিল পুণাতে। শেষ জীবনে গোখলে পুণার মঠেই জীবন অতিবাহিত করেছেন এবং এখানেই ১৯১৫ খ্রীষ্টাব্দে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

(ক) গোখলের জীবনের সেরা কীর্তি কি? ২

(খ) সেবাদলের উদ্দেশ্য কি ছিল? ২

(গ) সেবাদলের শাখা কোন্ কোন্ শহরে ছিল? ২

(ঘ) গোখলের শেষ জীবন কোথায় অতিবাহিত হয়? ২

১১। নিম্নলিখিত যে-কোন **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) তোমার প্রিয় কবি

(খ) তোমার জীবনের লক্ষ্য

(গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞানের দান

(ঘ) যে-কোন একজন মহাপুরুষের জীবনী

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বিবরণ দাও : ১০



*অথবা*

নিম্নলিখিত সংকেতসূত্রগুলো অবলম্বন করে একটি গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) : ১০

একজন গ্রামের লোক খাবারের দোকানের দিকে তাকিয়ে দাঁড়িয়ে ছিল ______ দোকানদার খাবারের গন্ধের দাম চাইল ______ একজন পথচারী গ্রাম্য লোকটিকে পরামর্শ দিল ______ পয়সার শব্দে দোকানের খাবারের দাম পরিশোধ করল।

## ( For Private Candidates only )

১২। যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) **'দুর্দিন'** পাঠটি কার, কোন্ উপন্যাস থেকে নেওয়া হয়েছে?

(খ) দ্বারকা চৌধুরীর চেহারা কি রকম ছিল?

(গ) "যা খুশি করো বাপু, আমি জানিনে। তোমরা কোন কালে কারুর কথা তো শুনলে না।" বক্তা কে? কাকে কথাগুলো বলেছেন?

(ঘ) ‘‘তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে
হে বন্ধু হে প্রিয়তম।’’

কে, কাকে স্মরণ করেন?

(ঙ) ‘‘ধীরে ধীরে কহে বামা যত দুঃখ বাণী।’’

এখানে ‘বামা’ বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কাকে দুঃখের কথা বলেছেন?

(চ) গারোরা কি কি সম্প্রদায়ে বিভক্ত?

১৩। যে-কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) ‘রবীন্দ্রনাথের প্রতি’ সনেটটির ভাববস্তু বিশ্লেষণ কর।

(খ) ‘‘কত গল্প, কত গ্রামের কিংবদন্তি, সেকাল একালের কত কথা, পল্লী গৃহস্থের কত সুখ দুঃখের কাহিনী—সে শুনিয়াছিল এই এক বছরে।’’ উক্তিটি বুঝিয়ে লেখ।

(গ) শঙ্কু মহারাজের ‘মায়াময়-মেঘালয়’ অবলম্বন করে গারো পাহাড়ের প্রধান প্রধান নদীগুলি সম্বন্ধে যা জান, লেখ।

★★★